দৈনিক বাংলা

তারিখ ... 7/2/86 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 7 ...

070

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

*প্রাথমিক শিক্ষা পরিদপ্তর,*
*বাংলাদেশ, ঢাকা।*

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে ১৯৭৪ সালের প্রাথমিক বিদ্যালয় অধিগ্রহণ আইনের ৩(২)-এর ক ধারামোতাবেক ঢাকা মহানগরীসহ দেশের সকল সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং ইহাদের সমুদয় স্থাবর ও অস্থাবর সম্পত্তি, যেমন—ভবন, জমি, তহবিল এবং অন্যান্য স্বার্থ ও বিষয়সম্পদসমূহ অথবা ইহাদের সূত্রে প্রাপ্ত যেকোন সম্পদ, নথিপত্রাদি ও অন্যান্য দলিল সরকারের অর্পিত বিধায় ইহাদের মালিক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

অতএব, সরকারের বিনানুমতিতে কোন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সম্পত্তিতে অনুপ্রবেশ ও ইহার ব্যবহার এবং নির্মাণ কাজের মাধ্যমে দখল কিংবা দখলের চেষ্টা আইনের লংঘনজনিত অপরাধ বলিয়া গণ্য হইবে।

*স্বাঃ—ডঃ জহিরুল ইসলাম ভূঁইয়া,*
*মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা*
*বাংলাদেশ, ঢাকা।*

ডিএফপি(স)—২০০৫(৪)৮-২ জি—৯৭৭